

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

কলাবাগানে অধিকার কর্মী জুলহাস মান্নান ও নাট্যকর্মী মাহবুব তনয়কে কুপিয়ে হত্যা হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ-এর উদ্বেগ ও তীব্র নিন্দা

[ঢাকা, ২৭ এপ্রিল ২০১৬]

রাজধানীর কলাবাগানে অধিকার কর্মী জুলহাস মান্নান ও নাট্যকর্মী মাহবুব তনয়কে কুপিয়ে হত্যা করার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ করছে। অবিলম্বে এ হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে অপরাধীদের যথাযথ বিচারের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছে ১৯টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত এইচআরএফবি।

সংবাদমাধ্যম সূত্রে জানা যায়, অধিকার কর্মী এবং হিজড়া ও সমকামীদের অধিকার সংক্রান্ত ‘রূপবান’ সাময়িকীর সম্পাদক জুলহাস মান্নানকে গতকাল ২৫ এপ্রিল ২০১৬ তার বাসায় ঢুকে এলোপাতাড়ি কুপিয়ে হত্যা করা হয়। জুলহাস মান্নানের বন্ধু ও নাট্যকর্মী মাহবুব তনয় এ সময় এগিয়ে এলে তাকেও হত্যা করে এবং বাড়ির নিরাপত্তাকর্মী, পুলিশ সদস্যসহ এক পথচারীকে কুপিয়ে আহত করে হত্যাকারীরা পালিয়ে যায়। কুরিয়ার সার্ভিসের কর্মী পরিচয়ে বাসায় ঢুকে এ হত্যাকাণ্ড ঘটানো হয় এবং এখন পর্যন্ত আইন-শৃঙ্খলা বাহিনী এ ঘটনার সাথে জড়িত কাউকে গ্রেফতার করতে পারেনি। এর আগে গত ২৩ এপ্রিল ২০১৬ রাজশাহীতে বিশ্ববিদ্যালয় অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীকে কুপিয়ে হত্যা করা হয়।

সাম্প্রতিক সময়ে একের পর এক এ ধরনের নৃশংস হত্যাকাণ্ডের ঘটনা এবং এ সম্পর্কে সরকারের দায়িত্বশীল ব্যক্তিদের পক্ষ থেকে ‘বিচ্ছিন্ন ঘটনা’ বলে মন্তব্য ও “ঘটনার পরে সবকিছু নিয়ন্ত্রণে আছে” বলে দাবি সরকারের দায়িত্বশীলতার পরিচয় বহন করে না। এ ধরনের মন্তব্যে আমরা বিস্মিত ও ক্ষুব্ধ। এ ধরনের হত্যাকাণ্ডের পুনরাবৃত্তি প্রমাণ করছে যে, প্রগতিশীল মানুষদের হত্যাকাণ্ডের ধারাবাহিকতা চলমান এবং পূর্ববর্তী হত্যাকাণ্ডগুলোর ক্ষেত্রে যথাযথ তদন্ত ও বিচার নিশ্চিতকরণে সরকার ও আইন-শৃঙ্খলা বাহিনী ব্যর্থ হচ্ছে। উপরন্তু সরকারের দায়িত্বশীল ব্যক্তিদের পক্ষ থেকে “দেশের পরিস্থিতি নিরাপদ” এমন মন্তব্য এবং অন্যের ওপর দোষ চাপানোর মাধ্যমে দায় এড়ানোর চেষ্টা খুবই দুঃখজনক। এ ধরনের বক্তব্য হত্যাকারীদের উৎসাহিত করছে যা দেশের জন্য বিপদজনক।

আমরা সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে, দেশের প্রত্যেক নাগরিকের নিরাপত্তা বিধান করা তাদের সাংবিধানিক দায়িত্ব। আমরা অবিলম্বে এসব হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 880-2-8100192, 8100195, 8100197, Fax: 880-2-8100187

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)